গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
প্রধান কার্যালয়
৪১ সেগুনবাগিচা, ঢাকা-১০০০
www.dnc.gov.bd

নম্বর: ৫৮.০২.০০০০.০০৬.১৮.৭৬৫.১৭- ৪২৬৭

০৫ কার্তিক ১৪৩২
তারিখ: --------------------
২১ অক্টোবর ২০২৫

## অফিস আদেশ

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরসহ দেশের বিভিন্ন স্থাপনায় অগ্নি দুর্ঘটনাসহ অন্যান্য অনাকাঙ্খিত ঘটনা ঘটছে যা অত্যন্ত উদ্বেগজনক। এ ধরণের অনাকাঙ্খিত ঘটনা এড়ানোর লক্ষ্যে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের গুদাম, অফিস স্থাপনা, যন্ত্রপাতি, গাড়ি, নথিপত্র সংরক্ষণের স্থান ইত্যাদি সংরক্ষণের জন্য কর্মকর্তা কর্মচারীগণকে নিম্নবর্ণিত নির্দেশনাসমুহ প্রতিপালন করার জন্য অনুরোধ করা হলোঃ

ক) প্রত্যেক অফিস ও পণ্যাগারে ২৪ ঘন্টা নিরাপত্তা নিশ্চিত করতে হবে এবং প্রয়োজনে অতিরিক্ত সংখ্যক নিরাপত্তা প্রহরী (গার্ড) নিয়োজিত করতে হবে;

খ) অফিস প্রাঙ্গণ, পণ্যাগার ও যানবাহনের চারপাশে নিয়মিত টহল ব্যবস্থা জোরদার করতে হবে;

গ) অফিসে ওয়াচ রেজিস্টার সংরক্ষণ ও নিয়মিত পর্যালোচনা করতে হবে;

ঘ) বিভাগীয় অতিরিক্ত পরিচালকবৃন্দ এবং জেলার উপপরিচালক/সহকারী পরিচালকবৃন্দ কোনো অবস্থাতেই কর্তৃপক্ষের অনুমতি ছাড়া কর্মস্থল ত্যাগ করতে পারবেন না। এমনকি সরকারি ছুটি বা বন্ধের দিনেও তারা নিজ নিজ কর্মস্থলে অবস্থান করবেন;

ঙ) কর্মকর্তা-কর্মচারীগণ অফিস ত্যাগ করার সময় স্ব-স্ব কক্ষের বৈদ্যুতিক সুইচ, লাইট, ফ্যান, কম্পিউটার বন্ধ করা ও এসি'র প্লাগ খুলে রাখার বিষয়টি নিশ্চিত করবেন;

চ) সংশ্লিষ্ট কার্যালয় এলাকায় জরুরী পরিসেবা যেমন: ফায়ার সার্ভিস, থানা, র‍্যাব ও হাসপাতালের জরুরী নাম্বারসমূহ কার্যালয়ের একাধিক স্থানে প্রদর্শন করাতে হবে;

ছ) অভিযানকালীন সর্বোচ্চ সতর্কতা অবলম্বনপুর্বক পুরো অভিযান ভিডিওধারণ করতে হবে এবং যেকোনো ধরণের মব সৃষ্টি পরিহার করে অভিযান চালাতে হবে;

জ) কার্যালয়ের গেইটে সার্বক্ষণিক প্রহরায় রাখতে হবে এবং বিনা প্রয়োজনে অফিসে অপরিচিত লোকজনের প্রবেশ/আগমন রোধ করতে হবে;

ঝ) অফিস প্রধান রাত্রিকালীন তার অফিস আকস্মিক পরিদর্শন করবেন এবং নিরাপত্তা ব্যবস্থা পরীক্ষা করবেন;

ঞ) যে সকল অফিসে আলামত হিসেবে গাড়ী জব্দ করা হয়েছে সেগুলোর নিরাপত্তা নিশ্চিত করতে হবে;

ট) অনুমোদিত সময়ের পরে দেশী/বিদেশি মদের দোকানগুলো যাতে খোলা না থাকে এবং কোনো প্রকার অসামাজিক কার্যকলাপ না ঘটে সে বিষয়ে নজরদারী বৃদ্ধি করতে হবে;

ঠ) অধিদপ্তরের পণ্যাগার ও আলামতখানাসহ নিজ নিজ অফিসের নিরাপত্তা নিশ্চিত করবেন। নিজ নিজ কার্যালয়ের নিরাপত্তার জন্য আউটসোর্সিং স্টাফের সমন্বয়ে রোস্টার ডিউটির ব্যবস্থা করবেন;

ড) প্রত্যেক অফিসের সিসি ক্যামেরাসমূহ নাইট ভিশনসহ সার্বক্ষণিক সচল রাখতে হবে;

ঢ) যেকোনো সন্দেহজনক কার্যকলাপ বা নিরাপত্তা ঝুঁকিপূর্ণ পরিস্থিতি লক্ষ্য করা গেলে তা অবিলম্বে উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করতে হবে।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

২১/১০/২০২৫
(মোঃ আবুল কালাম আজাদ)
পরিচালক (প্রশাসন, অর্থ ও পরিকল্পনা)
✉ diradmin@dnc.gov.bd
☎ +৮৮০২-২২৬৬৬৪৭০২

বিতরণ
১) পরিচালক (প্রশাসন/অপারেশনস্/চিকিৎসা ও পুনর্বাসন/নিরোধ শিক্ষা), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা
২) অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/ময়মনসিংহ/রংপুর; অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, গোয়েন্দা শাখা, ঢাকা
৩) উপপরিচালক (.........................) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়/বিভাগীয় কার্যালয়/মেট্রো কার্যালয়/জেলা কার্যালয়/বিভাগীয় গোয়েন্দা কার্যালয়/টেকনাফ বিশেষ জোন,.........................................
৪) প্রোগ্রামার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৫) সহকারী পরিচালক (.........................) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়/বিভাগীয় কার্যালয়/মেট্রো কার্যালয়/জেলা কার্যালয়/বিভাগীয় গোয়েন্দা কার্যালয়/টেকনাফ বিশেষ জোন.........................
৬) স্টাফ অফিসার টু ডিজি, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
৭) অতিরিক্ত মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য

CS CamScanner